

সম্পাদক
শাহাদত চৌধুরী

নির্বাহী সম্পাদক
গোলাম মোর্তোজা

প্রতিবেদক
জয়ন্ত আচার্য
সাইফুল হাসান, বদরুদ্দোজা বাবু

সহযোগী প্রতিবেদক
বদরুল আলম নাবিল
আসাদুর রহমান, রুহুল তাপস

কার্টুন
রফিকুন নবী

প্রধান আলোকচিত্রী
তুহিন হোসেন

আলোকচিত্রী
আনোয়ার মজুমদার

নিয়মিত লেখক
আসজাদুল কিবরিয়া, জুটন চৌধুরী
ফাহিম হুসাইন, হাসান মুর্তাজা
নোমান মোহাম্মদ, জব্বার হোসেন

চট্টগ্রাম প্রতিনিধি
সুমি খান

যশোর প্রতিনিধি
মামুন রহমান

সিলেট প্রতিনিধি
নিজামুল হক বিপুল

কানাড়া প্রতিনিধি
জসিম মল্লিক

হলিউড প্রতিনিধি
মুনাওয়ার হুসাইন পিয়াল

নিউইয়র্ক প্রতিনিধি
আকবর হায়দার কিরণ

ওয়াশিংটন প্রতিনিধি
নাসিম আহমেদ

যুক্তরাজ্য প্রতিনিধি
শাহরিয়ার ইকবাল রাজ

কম্পিউটার গ্রাফিক্স প্রধান
নূরুল কবীর

শিল্প নির্দেশক
কনক আদিত্য

প্রদায়ক আলোকচিত্রী
এ এল অপূর্ব

জেনারেল ম্যানেজার
শামসুল আলম

যোগাযোগ
৯৬-৯৭ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০

পিএবিএক্স : ৯৩৫০৯৫১ - ৩

সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯

ফ্যাক্স : ৯৩৫০৯৫৪

চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দত্ত
লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০

ই-মেইল : s2000@dbn-bd.net
info@shaptahik2000.com

দাম : ১৫ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর
পক্ষে মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত
ও ট্রান্সক্রাফট লিঃ, ২২৯ তেজগাঁও
শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

দেশ এখন যেন ক্রান্তিকাল অতিক্রম করছে। একের পর এক বোমা-গ্রেনেড হামলায় প্রশ্নবিদ্ধ হচ্ছে দেশের মানবতা, গণতন্ত্র। আওয়ামী লীগ অফিসে ২১ আগস্ট শক্তিশালী গ্রেনেড হামলার তদন্ত চলছে দিগ্ভ্রান্তভাবে। গ্রেনেড হামলার তদন্তে এসেছে আমেরিকার গোয়েন্দা সংস্থা এফবিআই। ইন্টারপোল। চারদিকে শুধু দুঃসংবাদ। এই অন্ধকারাচ্ছন্ন সময়ও একজন মানুষ বেঁচে থাকার সুন্দর স্বপ্ন দেখাচ্ছেন। মিটি মিটি করে জাতির সামনে আশার আলো প্রজ্বলিত করে রাখছেন। তিনি অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ। চারদিকে দুঃসংবাদের মাঝেও তার 'রয়ামন ম্যাগসেসে' পুরস্কারপ্রাপ্তির সংবাদে জাতি হয়েছে গর্বিত।

আমাদের এ বাংলা বিগত হাজার বছর ধরে সেন, পাঠান, মোগল, ব্রিটিশ, পাকিস্তান শাসকেরা শাসন করেছে, করেছে লুণ্ঠন। আমরা হয়েছি নিঃশ্ব। '৭১ সালের মহান স্বাধীনতা সংগ্রামের মধ্য দিয়ে বাঙালি জাতি সার্বভৌম এক ভূখন্ড লাভ করে। স্বাধীন এ ভূখন্ডটি গড়ে তোলার জন্য আলোকিত মানুষের বড় প্রয়োজন দেখা দেয়। দেশে সত্যিকার জ্ঞানে উদ্ভাসিত এ মানুষের বড় প্রয়োজন মনে করেন অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ। এ লক্ষ্যেই গড়ে তোলেন বিশ্বসাহিত্য কেন্দ্র। শিক্ষা ও জ্ঞান বিকাশে আজ বিশ্বসাহিত্য কেন্দ্র মহীরুহ হয়ে উঠেছে। ছড়িয়ে পড়েছে সারা দেশে। এ অসম্ভব কাজটি তিনি দৃঢ় পরিশ্রম আর মানসিক শক্তির কারণে অর্জন করতে পেরেছেন। তিনি তার ভ্রাম্যমাণ লাইব্রেরি কর্মসূচির মাধ্যমে পাঠকের দোরগোড়ায় পৌঁছে দিয়েছেন বই। লাইব্রেরি আন্দোলন পৌঁছে দিয়েছেন দেশের প্রত্যন্ত অঞ্চলে।

অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ শুধু একজন সংগঠকই নন, তিনি একজন লেখক। দেশ গড়ার কারিগর। জ্ঞান বিস্তারে তার অসামান্য অবদানের কারণে তিনি 'রয়ামন ম্যাগসেসে' পুরস্কারে ভূষিত হয়েছেন।

অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদের স্বপ্নের বাংলাদেশ আজ ক্ষত-বিক্ষত, বিচূর্ণ। পরাজিত ঘাতকেরা অস্ট্রোপাসের মতো আঁকড়ে ধরেছে দেশকে। সর্বত্র মৌলবাদ, সাম্প্রদায়িক শক্তির আঞ্চালন। এ অবস্থা থেকে পরিত্রাণের জন্য প্রয়োজন আরো আলোকিত মানুষ। যারা কন্ট্রাকারী পথ পাড়ি দিয়ে দেশকে নিয়ে যাবে সমৃদ্ধির দিকে। জাতিকে দেখাবে সোনালি স্বপ্নের ভোর।

প্রচ্ছদের ছবি : আনোয়ার মজুমদার

